রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, আগস্ট ৫, ১৯৯৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ

প্রজ্ঞাপন

তারিখঃ ২০শে শ্রাবণ, ১৪০০/৪ঠা আগস্ট, ১৯৯৩

এস, আর, ও নং ১৫৫-আইন/৯৩ - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা জাতীয়করণকৃত প্রাথমিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের আত্তীকরণ বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

(১) ইহা ১লা নভেম্বর, ১৯৮৪ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অশিক্ষক কর্মচারী" বলিতে জাতীয়করণকৃত পিটিআইয়ের শিক্ষকগণ ব্যতীত অন্য এমন সকল কর্মচারীকে বুঝাইবে যাহাদিগকে মহাপরিচালক কর্তৃক নিয়োগের নিষেধাজ্ঞা আরোপিত হইবার পূর্বে নিয়োগ করা হইয়াছে অথবা উক্ত নিষেধাজ্ঞা আরোপের পর মহাপরিচালকের অনুমোদনক্রমে নিয়োগ করা হইয়াছে এবং উক্ত-রূপ নিয়োগ প্রাপ্ত হইয়া যাহারা এতদ্রূপ নিয়োগের তারিখ পর্যন্ত অব্যাহতভাবে উক্ত পিটিআইতে কর্মরত ছিলেন;



মূল্যঃ টাকা ২·০০

(খ) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(গ) "জাতীয়করণকৃত পিটিআই" বলিতে এমন পিটিআই এবং তৎসংযুক্ত পরীক্ষণ বিদ্যালয়কে বুঝাইবে যাহার মালিকানা স্বত্ব রেজিস্ট্রীকৃত দলিল দ্বারা উক্ত পিটিআই এর ম্যানেজিং কমিটি কর্তৃক সরকারের নিকট হস্তান্তর করা হইয়াছে এবং সরকার কর্তৃক তাহা গৃহীত হইয়াছে।

(ঘ) "নির্বাচন কমিটি" বলিতে জাতীয়করণকৃত পিটিআই এর কর্মচারী নিয়োগের নিমিত্তে প্রার্থী নির্বাচনের জন্য মহাপরিচালক কর্তৃক গঠিত নির্বাচন কমিটিকে বুঝাইবে;

(ঙ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকার অথবা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(চ) "পিটিআই" বলিতে প্রাথমিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে বুঝাইবে;

(ছ) "মহাপরিচালক" বলিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে বুঝাইবে।

(জ) "শিক্ষক" বলিতে জাতীয়করণকৃত পিটিআইয়ের সেইসব শিক্ষক, যথাঃ সুপারিনটেনডেন্ট, সহকারী সুপারিনটেনডেন্ট, ইনস্ট্রাকটর ও পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকগণকে বুঝাইবে যাহাদিগকে মহাপরিচালক কর্তৃক নিয়োগের নিষেধাজ্ঞা আরোপিত হইবার পূর্বে উক্ত পিটিআইতে উক্ত পদে নিয়োগ করা হইয়াছে অথবা নিষেধাজ্ঞা আরোপের পর মহাপরিচালকের অনুমোদনক্রমে নিয়োগ করা হইয়াছে এবং উক্তরূপ নিয়োগ প্রাপ্ত হইয়া যাহারা এডহক নিয়োগের পূর্ব পর্যন্ত অব্যাহতভাবে উক্ত পিটিআইতে কর্মরত ছিলেন; এবং

(ঞ) "শিক্ষাগত যোগ্যতা" বলিতে জাতীয়করণকৃত পিটিআই এর কোন পদের অনুরূপ সরকারী পদের নিয়োগবিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা বুঝাইবে।

৩। শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণের এডহক নিয়োগ ও আত্মীকরণ ঃ (১) জাতীয়করণকৃত পিটিআইয়ের কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী জাতীয়করণ এর পূর্বে সংশ্লিষ্ট পিটিআইতে যে পদে কর্মরত ছিলেন সেই পদের জন্য তাহার প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা থাকিলে এবং তিনি বিধি ৫ ও ৬ অনুসারে যোগ্য বিবেচিত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ তাহাকে সেই পদে এডহক ভিত্তিতে নিয়োগের মাধ্যমে আত্মীকরণ করিবে।

(২) জাতীয়করণকৃত পিটিআই এর কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে উপবিধি(১) অনুসারে এডহক ভিত্তিতে নিয়োগ করা সম্ভব না হইলে জাতীয়করণের পূর্বে তিনি যেই পদে কর্মরত ছিলেন সেই পদের অব্যবহিত এক ধাপ নীচের পদে তাহাকে এডহক নিয়োগের মাধ্যমে আত্মীকরণ করা হইবে।

(৩) এডহক ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণ সরকার কর্তৃক নির্ধারিত বেতন ও ভাতাদি পাইবার যোগ্য হইবেন।

(৪) নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সংশ্লিষ্ট পিটিআই জাতীয়করণের তারিখ বা ক্ষেত্র বিশেষে মহাপরিচালক কর্তৃক নিয়োগের নিষেধাজ্ঞা আরোপের পূর্বে প্রদত্ত নিয়োগের তারিখ বা অনুরূপ নিষেধাজ্ঞার পর মহাপরিচালকের অনুমোদনক্রমে প্রদত্ত নিয়োগের তারিখ হইতে কার্যকরতাসহ ভূতাপেক্ষভাবে কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারীকে নিয়োগ করিতে পারিবে।

৪। এডহক নিয়োগ নিয়মিতকরণ।—(১) বিধি-৩ মোতাবেক যে সকল ব্যক্তি এডহক ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত হন তাহাদের চাকুরী, Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর বিধান সাপেক্ষে, কমিশন বা নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়মিত করিবেন এবং এই ব্যাপারে কমিশন বা নির্বাচন কমিটি সাক্ষাৎকার গ্রহণ বা অন্য কোন সুবিধাজনক উপায় অবলম্বন করিয়া উহার সুপারিশ প্রদান করিতে পারিবে।

(২) কোন পদের জন্য শিক্ষাগত যোগ্যতা না থাকিলে কোন ব্যক্তিকে উক্ত পদে নিয়োগের জন্য কমিশন বা নির্বাচন কমিটি সুপারিশ করিবে না ঃ

তবে শর্ত থাকে যে, কোন পদের জন্য কোন ব্যক্তির শিক্ষাগত যোগ্যতা না থাকিলেও উক্ত পদে তাহাকে নিয়োগের জন্য কমিশন বা নির্বাচন কমিটি এই শর্তে সুপারিশ করিতে পারিবে যে, তিনি সুপারিশের তারিখের পরবর্তী তিন বৎসরের মধ্যে উক্ত শিক্ষাগত যোগ্যতা অর্জন করিবেন, অন্যথায় তিনি উক্ত পদে নিয়োগ লাভের যোগ্য হইবেন না এবং এইরূপ শর্তযুক্ত সুপারিশ করা হইলে তাহাকে উক্ত শর্ত পুরণের পর নিয়মিতভাবে নিয়োগ করা হইবে;

আরও শর্ত থাকে য, পিটিআইটি জাতীয়করণ এর তারিখে কোন শিক্ষকের বয়স ৫০ বৎসর বা তদুর্ধ হইলে এবং তিনি জাতীয়করণের সময় যে পদে কর্মরত ছিলেন সেই পদের জন্য প্রয়োজনীয় টিচিং ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট না থাকা সত্ত্বেও যদি তাহার অন্যান্য শিক্ষাগত যোগ্যতা থাকে তাহা হইলে কমিশন বা নির্বাচন কমিটি উক্ত ব্যক্তিকে উক্ত পদে নিয়োগের জন্য সুপারিশ করিতে পারিবে।

৫। এডহক ও নিয়মিত নিয়োগের ক্ষেত্রে বিধি নিষেধ।—এই বিধিমালার অধীনে এডহক বা নিয়মিত নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক অথবা স্থায়ী বাসিন্দা না হন; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবেন বলিয়া প্রতিশ্রুতিবদ্ধ থাকেন।

(২) এই বিধিমালার অধীনে কোন ব্যক্তি নিয়মিত নিয়োগ লাভের যোগ্য বিবেচিত হইবেন না যদি না—

(ক) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত চিকিৎসা পর্ষদ অথবা ক্ষেত্রমত তাহার দ্বারা ক্ষমতা প্রদত্ত কোন মেডিকেল অফিসার নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে স্বাস্থ্যগতভাবে যোগ্য বলিয়া প্রত্যায়নপত্র প্রদান করেন; এবং

(খ) যথাযোগ্য কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক নির্বাচিত ব্যক্তির পূর্ব বৃত্তান্ত পরীক্ষা পূর্বক দেখা যায় যে, তিনি প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের অযোগ্য নহেন।

৬। বয়সসীমা।—এই বিধিমালার অধীনে কোন ব্যক্তির নিয়োগের ক্ষেত্রে বয়সের কোন সীমা থাকিবে না ঃ

তবে শর্ত থাকে যে, পিটিআইটি জাতীয়করণের তারিখে সংশ্লিষ্ট ব্যক্তির বয়স সরকারী নিয়মানুযায়ী অবসর গ্রহণের বয়স অতিক্রম করিবে না।

৭। শিক্ষক ও কর্মচারীদের চাকুরীতে জ্যেষ্ঠতা ও পদোন্নতি।—(১) শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের চাকুরীতে জ্যেষ্ঠতা তাঁহাদের নিয়োগ-পূর্ব গণনাযোগ্য চাকুরীর ভিত্তিতে নির্ধারিত হইবে।

(২) এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণকে প্রচলিত নিয়োগ বিধি অনুসারে উচ্চতর পদে পদোন্নতি দেওয়া হইবে এবং এই উদ্দেশ্যে নিয়োগ-পূর্ব গণনাযোগ্য চাকুরী বিবেচনা করা হইবে।

(৩) এই বিধির উদ্দেশ্য পুরণকল্পে "নিয়োগ-পূর্ব গণনাযোগ্য চাকুরী" বলিতে কোন শিক্ষক বা অশিক্ষক কর্মচারী সংশ্লিষ্ট পিটিআইতে, উহা জাতীয়করণের পূর্বে, যতদিন চাকুরী করিয়াছেন উহার ৫০% ভাগের সমপরিমাণ সময়কে বুঝাইবে।

৮। পেনশনযোগ্য চাকুরী।—পেনশনযোগ্য চাকুরীকাল গণনার ক্ষেত্রে এডহক ভিত্তিতে নিয়োগের তারিখের পরবর্তী চাকুরীর সহিত বিধি ৭(৩) এ উল্লিখিত নিয়োগ-পূর্ব গণনাযোগ্য চাকুরীকাল যোগ করা হইবে।

(২) কোন কর্মচারী জাতীয়করণ-পূর্ব পিটিআই-এর চাকুরী বাবদ সংশ্লিষ্ট নিয়োগকর্তার গ্র্যাচুইটির টাকা গ্রহণ করিয়া থাকিলে সরকারী পেনশন বিধি মোতাবেক প্রাপ্য গ্র্যাচুইটির টাকা হইতে বাদ দিতে হইবে এবং বিয়োজ্য টাকা বর্তমানে প্রাপ্য গ্র্যাচুইটির টাকার সমান অথবা অধিক হইলে কোন গ্র্যাচুইটি প্রদান করা হইবে না এবং শুধুমাত্র মাসিক পেনশন প্রাপ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
কাজী রকিবউদ্দিন আহমদ
সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।